[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] ([redacted] ([redacted])) [redacted] [redacted] [redacted] [redacted],[redacted], [redacted] [redacted] [redacted]

প্রদান

মেহেরপুরর গাংনী উপজেলার হিন্দা গ্রামে বিদ্যুতায়িত হয়ে মৃত্যু বরণ কারি আহারের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

রবিবার সকালের দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান নিহতের পরিবারের বাড়ি গিয়ে খোঁজ খবর নিয়ে নিহত আহারের স্ত্রীর হাতে নগদ ১০ হাজার টাকা আর্থিক সহায়থা প্রদান করেন। পরবর্তিতে নিহত আহারের শিশু সন্তানদেরকেও প্রয়োজনীয় সহায়তা প্রদানের আশ্বাস দেন।

উল্লেখ্য গত শনিবার বিকেলে মাঠ থেকে বাড়ি ফিরে অটোভ্যানে চার্জ দিতে গেলে বিদ্যুতায়িত হয়ে ঐ গ্রামের আনিচুর রহমানের ছেলে আহার আলি মৃত্যু বরণ করে।
- গাংনী প্রতিনিধি

মুক্তিযোদ্ধার জানাজায় গিয়ে সাবেক এমপি মকবুল অসুস্থ

মেহেরপুরের গাংনীতে মুক্তিযোদ্ধার দাফনে গিয়ে মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদের সাবেক সদস্য (এমপি) মকবুল হোসেন
(৭৪) অসুস্থ হয়ে পড়েন। তাকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নেয়া হয়। পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

আজ রোববার দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলা হিজলবাড়ীয়া গ্রামে জানাজায় শরীক অংশ নেয়ার সময় অসুস্থ হয়ে পড়েন।

পারিবারিক সূত্র জানায়,গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়নের হিজলবাড়ীয়া গ্রামের বাসিন্দা বীরমুক্তিযোদ্ধা আবুল হোসেনের জানাজায় সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন অংশ নিতে যায়। জানাজায় শেষ না হতেই তিনি অসুস্থ হয়ে পড়েন। তাকে

স্থানীয় দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নেয়। এ সময় তার শারীরিক অবস্থার আরো অবনতি দেখা দিলে,কর্তব্যরত ডাক্তার এমকে রেজা কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।
-গাংনী প্রতিনিধি

অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ গাংনীর কাফিরুল তারাগুনিয়াতে আটক

মেহেরপুরের গাংনীর কাফিরুল ইসলামকে অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ আটক করেছে র্যাব। শনিবার সন্ধ্যায় কুষ্টিয়ার দৌলতপুরের তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে থেকে তাকে আটক নাটোর র্যাব-৫। গ্রেফতার কাফিরুল ইসলাম গাংনী উপজেলার সহড়াতলার আব্দুল শুকুরের ছেলে।

র্যাব-৫, রাজশাহীর অধিনায়ক (অতিরিক্ত ডিআইজি) মাহ্ফুজুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-৫ সিপিসি-২ এর একটি টিম কুষ্টিয়ার দৌলতপুর থানার তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে অভিযান চালায়। এসময় র্যাব সদস্যরা ওই এলাকার বিভিন্ন পয়েন্টে অবস্থান নেয়। অভিযানকালে সেখানে দাঁড়িয়ে থাকা দুই ব্যক্তি র্যাবের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় র্যাব সদস্যরা তাদের পিছু নিয়ে কাফিরুল ইসলামকে আটক করে।

তবে এসময় কাফিরুলের এক সহযোগী পালিয়ে যেতে সক্ষম হয়। পরে কাফিরুলের কাছে থাকা প্লাস্টিকের একটি ব্যাগের ভিতর থেকে ৭টি ওয়ান শুটার গান, ২টি বিদেশী পিন্তুল, ১৪ রাউন্ড গুলি ও ৪টি ম্যাগজিন উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটককৃত কাফিরুল ইসলাম দীর্ঘদিন যাবৎ অবৈধ অস্ত্র ব্যবসার সাথে জড়িত থাকার কথা স্বীকার করেছে বলে দাবি করেছে র্যাব। আটককৃতর বিরুদ্ধে অবৈধ অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য বহন এবং সংরক্ষনের অভিযোগে মামলা দায়ের করে সংশ্লিষ্ট থানায় সোপর্দ করা হয়।

অপরদিকে পলাতক ব্যক্তিকে আটক করতে অভিযান অব্যাহত রয়েছে। অভিযানে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার এস.এম জামিল আহমেদ, সিনিয়র এএসপি এনামুল করিম সহ উর্দ্ধোতন কর্মকর্তারা।
– গাংনী প্রতিনিধি

গাংনীতে বিষপানে যুবকের আত্মহত্যা

মেহেরপুর গাংনীতে সাগর হোসেন (১৮) নামে এক যুবক বিষপান করে আত্মহত্যা করেছে। শনিবার রাতে উপজেলার করমদী সরকার পাড়ার নিজ বাড়িতে তার মৃত্যু হয়। সাগর হোসেন করমদী গ্রামের মুক্তার আলীর ছেলে। সাগরের পরিবার ও স্থানীয়রা জানায়, বৃহস্পতিবার সন্ধ্যায় সাগর হোসেন পারিবারিক কলহের জের ধরে বিষপান করে। বিষপানের পর সাগর হোসেন ছটফট করতে থাকলে পরিবারের লোকজন তাকে করমদীর সন্ধানী হাসপাতালে ভর্তি করেন। সেখানে তার অবস্থার অবনতি ঘটলে রাজশাহী একটি হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি ঘটলে ডাক্তার তাকে বাড়ি ফেরত দিলে শনিবার রাতে নিজ বাড়িতে তার মৃত্যু হয়।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে জোরপূর্বক জমি দখল করে প্রাচীর নির্মাণ বন্ধের

দাবীতে সংবাদ সম্মেলন

জোরপূর্বক জমি দখল করে প্রাচীর নির্মানের প্রতিবাদ ও প্রাচীর নির্মাণ কাজ বন্ধের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন গাংনীর শিশিরপাড়া গ্রামের মোতালেব হোসেন ও তার পরিবারের সদস্যরা।

গতকার শনিবার (০৯ নভেম্বর) বিকেলে গাংনী প্রেসক্লাবে মোতালেব হোসেনের পরিবারের পক্ষ থেকে জমি দখলের বিভিন্ন অভিযোগ করে প্রতিকারের জন্য সংশ্লিষ্ঠদের সু-দৃষ্টি কামনা করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্যে মোতালেব হোসেন বলেন, আমাদের পৈত্রিক সম্পত্তির অংশ থেকে ৮৯ শতক জমি ক্রয় করেন গাংনী উপজেলা চেংগাড়া গ্রামের আজিজুল। তার রেজিস্ট্রিকৃত জমির দাগ নং ৩৭১, ৩৭৫, ৩৭৬, ৩৭৭, ৩৩২৯। দলিল অনুযায়ী তার জমি র্পাঁচ দাগ থেকেই নিতে হবে। কিন্তু আজিজুল গং জোরপুর্বক দখল করেছেন ৩৭৫, ৩৭৬, ৩৭৭ দাগ থেকে। এ তিনটি দাগের জমি শিশিরপাড়া গ্রামের ঝিনেরপুলের কাছে পাশাপাশি।

ধানখোলা ইউনিয়ন ভূমি অফিসের (গাড়াডোব) তহশীলদার জাকির হোসেন ও গাংনী ভূমি অফিসের সহকারী শাহজাহানকে ম্যানেজ করে আজিজুলের কেনা জমি খারিজ সম্পাদন হয়েছে। যা অবৈধ ভাবেই সম্পাদন করা হয়। খারিজের সময় জমির অন্যান্য অংশিদারদেরকে লিখিত বা মৌখিক নোটিশ দেওয়া হয়নি।

মোটা অংকের অর্থের বিনিময়ে গোপনে খারিজ করা হয়েছে বলে আমারা মনে করছি। এই অবৈধ খারিজ বাতিলের জন্য আমরা গাংনী উপজেলা ভূমি অফিসে আবেদন করেছি। কিন্তু খারিজ বাতিলের বিষয়ে তহশিলদার জাকির হোসেন দিনের পর দিন আমাদেরকে হয়রানি করছেন। ওই জমির এসএ এবং আরএস রেকর্ড আমার নামে (মোতালেব হোসেন) থাকা সত্তেও লাঠিয়াল বাহিনী দ্বারা জোপুর্বক প্রাচীর নির্মান করছে আজিজুল গং। আমরা বাধা দিতে গেলে তাদের লাঠিয়াল বাহিনীর লোকজন প্রাণনাশের হুমকি দিচ্ছে।

শুধু ভূমি অফিসে নয় আদালতেও মামলা চলমান রয়েছে উল্লেখ করে ভুক্তভোগী মোতালেব হোসেন বলেন, আদালতে বিচারাধীন মামলা দুটির মধ্যে দেওয়ানী ১৩৫/১৯ এবং ফৌজদারী মামলা ৪৪৫, পিটিশন নং ৩২৩/১৯। যেখানে মামলা বিচারাধীন সেখানে তারা শুধুমাত্র গায়ের জোরেই প্রাচীর নির্মান করছেন। পেশিশক্তি প্রয়োগের মাধ্যমে আমাদের পৈত্রিক জমির জবর দখল করছে। আমরা বিভিন্ন দপ্তরে অবগত করেও কোন

সহায়তা পাইনি। তাই বাধ্য হয়ে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের সদর দৃষ্টি কামনা করছি।

পরিবারের সদস্যরা চরম নিরাপত্তাহীনতায় ভুগছে উল্লেখ করে ভুক্তভোগী পরিবারের সদস্যরা বলেন, তাদের অনেক ক্ষমতা। রাজনৈতিক ও প্রশাসনিক ক্ষমতার হুমকি দিয়ে তারা আমাদের উপর আক্রমণাত্মক আচরণ করছে। তবে আমরা শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছি।

গাংনী প্রেস ক্লাবে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে সভাপতিত্ব করেন গাংনী প্রেস ক্লাব সভাপতি রমজান আলী। উপস্থিত ছিলেন প্রেস ক্লাব সাধারণ সম্পাদক মাহবুব আলমসহ প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ায় কর্মরত সাংবাদিবৃন্দ এবং ভুক্তভোগী পরিবারের সদস্যবৃন্দ।

- গাংনী প্রতিনিধি

গাংনীর নাঈম স্বাধীন বিজয় ফুলে বিভাগের ২য়

স্বাধীন বিজয় ফুল প্রতিযোগিতায় খুলনা বিভাগীয় প্রতিযোগিতায় ২য় সেরা হয়েছে মেহেরপুরের গাংনীর ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেনীর ছাত্র নাঈম মোহাম্মদ ইজাজুর রহমান।

গত শুক্রবার খুলনা বিভাগের ১০ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা স্বাধীন বিজয় ফুল প্রতিযোগিতায় অংশ নেয়।

ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকুনুজ্জামান জানান, নাঈম মোহাম্মদ ইজাজুর রহমান ৮শ শ্রেনীর মেধাবির ছাত্র। সে বড় হয়ে প্রকৌশলী হতে চাই। নাঈম মোহাম্মদ ইজাজুর রহমানের সহপাঠিরা জানায়, খুলনা বিভগের মধ্যে ২য় স্থান লাভ করায় আমরা গর্বিত।

প্রধান শিক্ষক রোকুনুজ্জামান আরও বলেন, স্কুলের পাশাপাশি নাঈম মোহাম্মদ ইজাজুর রহমান বিভাগের মধ্যে মেহেরপুর জেলার সুনাম

অর্জন করেছে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে বিদ্যুতায়িত হয়ে অটোভ্যান চালক নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা গ্রামে বিদ্যুতায়িত হয়ে এক অটোভ্যান চালক নিহত হয়েছে।

গতকার শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে।
নিহত অটোভ্যান চালক হলেন হিন্দা গ্রামের পশ্চিমপাড়ার আনিচুর রহমানের ছেলে।
নিহতের পরিবার সুত্রে জানা যায়, নিহত আহার মাঠ থেকে ভেজা শরীরে বাড়িতে এসে অটোভ্যানে চার্জ দিতে গেলে সে পড়ে যায়।

এসময় পরিবারের লোকজন তার জ্ঞান হারিয়েছে ভেবে মাথায় পানি দেয়। পরে শারীরিক অবস্থার অবনতি হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।
কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষনা করেন। ডাক্তার জানান সে এখানে আসার আগেই মারা যায়।

- গাংনী প্রতিনিধি

গাংনীর উপজেলা যুবলীগ তুমি

কার?

গাংনী উপজেলা যুবলীগ এর সভাপতি মোশাররফ হোসেন এবং আহবায়ক পৌর মেয়র আশরাফুল ইসলাম। এ নিয়ে এর সংগঠনটি দুটি ভাগে বিভক্ত হয়ে আছে। ফলে উপজেলা যুবলীগ ও সাধারণ মানুষের মনে প্রশ্ন জাগছে কে এই যুবলীগের চালিকা শক্তি।
পুরাতন কমিটিতে উপজেলা যুবলীগের নেতৃত্ব দিয়ে আসছেন সভাপতি পদে মোশাররফ হোসেন ও সাধারণ সম্পাদক পদে শফি কামাল পলাশ।

এদিকে ২০১৬ সালের দিকে জেলা যুবলীগের নতুন আহবায়ক কমিটি গঠনের পর পরই গাংনী উপজেলা যুবলীগের নতুন কমিটি করার লক্ষ্যে মোশাররফ-পলাশ এর নেতৃত্বে যে কমিটি ছিল সেটা ভেঙ্গে দিয়ে নতুন করে আহবায়ক করা হয় গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলামকে। তবে এ সিদ্ধান্তকে উপজেলা যুবলীগের অধিকাংশ নেতা কর্মী মেনে নিতে পারেনি এ নিয়ে তৎকালীন সময় উপজেলা যুবলীগের মধ্যে বেশ উত্তেজনা সৃষ্টি হয়।

এ ঘটনার পর পর কেন্দ্রীয় যুবলীগের নেতাদের কাছে উভয় পক্ষই ধর্ণা দেন। সভাপতি মোশাররফ হোসেন সাংবাদিকদের জানান, উপজেলা যুবলীগের যে আহবায়ক কমিটি হয়েছে তা জেলা কমিটির নেতারা ইচ্ছা মতো করে দিয়েছে এটা কেন্দ্রীয় কমিটি জানেইনা।

এদিকে জেলা যুবলীগের আহবায়ক মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সাথে জানতে চাইলে তিনি বলেন উপজেলা কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠনের লক্ষ্যে আশরাফুর ইসলামকে আহবায়ক করা হয়েছে। আগের কমিটি বিলুপ্ত হওয়ায় এখন থেকে উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন ও সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ তাদের পদ দাবি করতে পারেনা। সেক্ষেত্রে নতুন কমিটিতে যদি তারা ভোটের মাধ্যমে নির্বাচিত হয় তাহলে তারা আবারও সভাপতি ও সাধারণ সম্পাদক হতে পারে।

জানতে চাইলে কেন্দ্রীয় যুবলীগের এক নেতা বলেন, শুনেছি মেহেরপুর জেলায় নতুন করে আহবায়ক কমিটি করা হয়েছে সে সাথে গাংনী উপজেলা যুবলীগেরও পুরাতন কমিটি ভেঙ্গে নতুন করে আহবায়ক কমিটি করা হয়েছে। তবে উপজেলা যুবলীগের কমিটি সম্পর্কে জেলা যুবলীগের নেতারাই ভাল বলতে পারবে এমনটি জানান তিনি।

এদিকে মোশাররফ হোসেন ও মেয়র আশরাফুল ইসলাম উভয়ই নেতৃত্বের দাবিদার সেক্ষেত্রে কাকে উপজেলা যুবলীগের নেতা বলা যাবে এমন

প্রশ্নের জবাবে সাংগঠনিক সম্পাদক বলেন আসলে দুটি পক্ষই এখানে এসেছিল আমরা এখনো চুড়ান্ত সিদ্ধান্ত কাউকেই দিতে পারিনি।

এ দিকে আগামী কাল যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকীকে সামনে রেখে উপজেলা যুবলীগের ব্যানারে বিশাল জনসভার আয়োজন করেছে সংগঠনটি। এতে নেতৃত্বে দিচ্ছেন সংগঠনটির সভাপতি মো: মোশাররফ হোসেন ও সাধারণ সম্পাদক মো: শফি কামাল পলাশ।

তবে উপজেলা যুবলীগের আহবায়ক দাবিকারী পৌর মেয়র আশরাফুল ইসলাম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে কোন আয়োজন করেছেন কিনা তা এখনো জানা যায়নি।

তাছাড়া গাংনী উপজেলা যুবলীগের যে কোন কর্মকান্ডে মোশাররফ হোসেন ও শফি কামাল পলাশের নেতৃত্ব ছাড়া এখনো মেয়র আশরাফুলের ইসলামের নেতৃত্ব তেমন চোখে পড়েনি।

এখানকার তৃণমুল নেতা কর্মীরা এখনো উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফ হোসেন ও সাধারণ সম্পাদক মো: শফি কামাল পলাশকেই মনে করে এবং তাদের নেতৃত্বেই যে কোন সভা সমাবেশ করে থাকে।

- এ শাহিন সিদ্দিকি